



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ গাইবান্ধা-৮৫/৯৬০/৪

তারিখ : ২২/০৮/২০১৮খ্রিঃ

বিষয় : মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন খোর্দ কোমারপুর হামিদা চৌধুরী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে মোছাঃ শাহনাজ বেগম চৌধুরী, স্বামী- মৃত হাফিজুর রহমান চৌধুরীকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ২২/০৯/২০১৬খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/৩৪৯৬/২/নথি নং-গাই-৮৫ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য মোছাঃ শাহনাজ বেগম চৌধুরী, স্বামী- মৃত হাফিজুর রহমান চৌধুরীকে সভাপতি পদে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, খোর্দ কোমারপুর হামিদা চৌধুরী দাখিল মাদ্রাসা
ডাকঘর- খোর্দ কোমারপুর, সাদুল্লাপুর, গাইবান্ধা।

নং- বামাশিবো/প্রশাসন/ গাইবান্ধা-৮৫/৯৬০/৪

তারিখ : ২২/০৮/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রনী/জনতা ব্যাংক লিমিটেড, শাখা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
৫. মোছাঃ শাহনাজ বেগম চৌধুরী, স্বামী- মৃত হাফিজুর রহমান চৌধুরী
গ্রাম- খোর্দ কোমারপুর, ডাকঘর- খোর্দ কোমারপুর, উপজেলা- সাদুল্লাপুর, জেলা- গাইবান্ধা।
৬. সদস্যবৃন্দ-ম্যানেজিং কমিটি, খোর্দ কোমারপুর হামিদা চৌধুরী দাখিল মাদ্রাসা, ডাক: খোর্দ কোমারপুর, সাদুল্লাপুর, গাইবান্ধা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪